


৩



জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাজেট ও অডিট শাখা

নং-০৫.০০.০০০০.১১৩.৩১.০২০.১২-৮৪৫

০৩ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ

তারিখঃ .....

১৭ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ

**বিষয় :** বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ের সংস্থাপন শাখার নাম পরিবর্তন করে জনপ্রশাসন শাখা নামকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সময়ের আবর্তনে কাজের পরিধি বিবেচনা করে বিগত ২৮-০৪-১১ খ্রি. তারিখে এ মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে জনপ্রশাসন মন্ত্রণালয় (Ministry of Public Administration) নামকরণ করা হয়। অছ্য করা যাচ্ছে যে, কয়েকটি বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয় তাদের কার্যালয়ের সংস্থাপন শাখার নাম পরিবর্তন করে জনপ্রশাসন শাখা নামকরণ করেছে।

২. বিগত ২৬-০৫-১৩ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিভাগীয় কমিশনারদের সাথে অনুষ্ঠিত সমবয় সভায় বিষয়টি আলোচনা হয় এবং মন্ত্রণালয়ের নাম পরিবর্তনের কারণে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কার্যালয়ের ‘সংস্থাপন শাখা’র নাম পরিবর্তন অনাবশ্যক বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩. বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো হলো।

(মোঃ মাসুদুল হাসান)  
সিনিয়র সহকারি সচিব  
ফোনঃ ৯৫৪৫৯৫৩

বিতরণ ৪

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. যুগ্ম-সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৭. লিনিয়র সিস্টেম এনালিস্ট, পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সহকারি সচিব, প্রশাসন-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতি জন্য)।
১২. অফিস কপি।